গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি অনুবিভাগ

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব (অগ্নি)<br>ও<br>এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | : | ৩১ জুলাই ২০১৯ |
| সময় | : | বেলা: ১১.০০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের সদয় নির্দেশনা অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগের অধীন (১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, (২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, (৩) কারা অধিদপ্তর এবং (৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর এপিএ টিম কর্তৃক নিজ নিজ দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যার'এ দাখিল করা হয়েছে। পরবর্তীতে, দপ্তর/সংস্থাসমূহের এপিএ টিম কর্তৃক চুক্তির প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রমাণক প্রস্তুত করে প্রমাণকসমূহ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।

০২। দপ্তর/সংস্থাসমূহের এপিএ টিম কর্তৃক দাখিলকৃত এপিএ মূল্যায়ন প্রতিবেদন এবং সূচকওয়ারি প্রমাণক সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম নির্ধারিত তারিখের মধ্যে পর্যালোচনা করে চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়।

০৩। দপ্তর/সংস্থাসমূহের এপিএ মূল্যায়ন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট প্রমাণকসমূহ পর্যালোচনা করে নিম্নরুপ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়:

(১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচকের সংখ্যা ২০টি। তন্মধ্যে ১.১.২, ১.৪.১, ৩.২.১, ৩.৪.১ ও ৬.১.১ নং সূচকের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। ৩.১.১, ৪.৪.১ এবং ৫.১.১ নং সূচকের কোন লক্ষ্যমাত্রাই অর্জিত হয়নি। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এম.১.১.১, এম.১.৪.২ এবং এম.৪.১.২ নং সূচকের কোন লক্ষ্যমাত্রাই অর্জিত হয়নি। এম.১.১.২, এম.১.১.৩, এম.১.২.১, এম.১.৩.১, এম.১.৪.১, এম.১.৫.১, এম.১.৬.১, এম.১.৬.২, এম.২.১.২, এম.২.৩.১, এম.৩.৩.১, এম.৪.২.২ এবং এম.৪.৩.১ নং সূচকের লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হয়েছে। সার্বিক মূল্যায়নে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের স্কোর দাড়িয়েছে ৭৬.৫১।

(২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচকের সংখ্যা ১৬টি। তন্মধ্যে ৪.১.১ ও ৪.২.১ নং সূচকের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এম.১.৪.২ এবং এম.২.১.২ সূচকের কোন লক্ষ্যমাত্রাই অর্জিত হয়নি। এ ছাড়া, ৪.১.১ এবং ৪.২.১ নং কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার স্বপক্ষে কোন প্রমাণক পাওয়া যায়নি। কিন্তু মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঐ ০২টি সূচকের ক্ষেত্রে যথাক্রমে ৭০% ও ৯০% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে বলে প্রতিবেদন দাখিল হয়েছে। ঐ ০২টি সূচকের ওয়েটেড স্কোর হয়েছে ১.৪ ও ২.৭। প্রমাণক না থাকায় এবং বাস্তবে প্রশিক্ষণ একাডেমি এবং ০৭টি বিভাগীয় শহরের নিরাময় কেন্দ্রের প্রকল্প অদ্যাবধি গৃহীত না হওয়ায় ঐ ০২টি ওয়েটেড স্কোর মোট নম্বর থেকে বাদ দেয়া হলো। এতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্কোর দাড়িয়েছে ৯২.৫০।

(৩) কারা অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচকের সংখ্যা ১৬টি। তন্মধ্যে ১.১.২ নং সূচকের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। ২.১.৩ নং সূচকের কোন লক্ষ্যমাত্রাই অর্জিত হয়নি। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এম.১.১.১, এম.১.১.২, এম.১.১.৩ এবং এম.২.৩.১ নং সূচকের লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হয়েছে। সার্বিক মূল্যায়নে কারা অধিদপ্তরের স্কোর দাড়িয়েছে ৯৪.৯৮।

(অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য)

(পূর্ব পৃষ্ঠার পর)

(৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ'তে কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচকের সংখ্যা ২৭টি। তন্মধ্যে ৫.৩.১ নং সূচকের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এম.২.৩.১ এবং এম.৪.১.২ নং সূচকের লক্ষ্যমাত্রা আংশিক অর্জিত হয়েছে। সার্বিক মূল্যায়নে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্কোর দাড়িয়েছে ৯৬.৩০।

০৪। সভাপতি জানান যে, ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে ১৫/১০/২০১৯ তারিখের মধ্যে বিভাগের ওয়েবসাইটের বিভাগে আপলোড করতে হবে। এ বিষয়ে বিভাগ থেকে ০১টি কমিটি গঠন করে দেয়া হয়েছে। সেই কমিটিতে দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিগণকেও অন্তর্ভুক্ত করা হয়েছে। সকলের সাথে বসে বার্ষিক প্রতিবেদন ভালভাবে প্রস্তুত করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বার্ষিক প্রতিবেদন এমনভাবে প্রস্তুত করা প্রয়োজন যাতে সেটা ০১টি রেফারেন্স বুক হিসেবে সকলের কাজে আসতে পারে।

০৫। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে এখন থেকেই সচেষ্ট থাকতে হবে এবং এ বিষয়ে দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে তাগিদ প্রদান করতে হবে;

(খ) মাসিক সমন্বয় সভা এবং বাজেট বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

০৬। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১.৭.২০১৯

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (অগ্নি)
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৫২

তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৬
৩১ জুলাই ২০১৯

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব ........................................ উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩১।৭।২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব